# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ,ঢাকা।
গবেষণা ও পরিসংখ্যান বিভাগ।

ফোন নং ঃ ০২-২২৩৩৫৬১২০
০২-২২৩৩৮৯১৬৯
Email : dgmrsd@krishibank.org.bd


প্রকা/গবে ও পরি-২৭(২)/সিআইবি সার্ভিস চার্জ/২০২২-২০২৩/ ৭৯৭ তারিখঃ ১২/০৪/২০২৩

উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল কর্পোরেট শাখা;
এবং সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বিকেবি, সিআইবি ইনকোয়ারী পোর্টালে 'সার্ভিস চার্জ' মডিউল সংযোজন এবং মাসিক ভিত্তিতে ডেবিট এডভাইস প্রেরণের পরিবর্তে অনলাইনে সিবিএস'এ ডেবিট করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা হতে ঋণ মঞ্জুরীর প্রযোজ্য ক্ষেত্রে সিআইবি ইনকোয়ারী প্রস্তাব ওয়েব পোর্টালের মাধ্যমে প্রাপ্ত হয়ে, অত্র বিভাগ কর্তৃক প্রতি মাসে ১২০০০-১৫০০০ ইনকোয়ারী প্রস্তাব বাংলাদেশ ব্যাংকের পোর্টাল হতে ডাউনলোড করে শাখাসমূহে সরবরাহ করা হচ্ছে। মাস শেষে বাংলাদেশ ব্যাংক অত্র ব্যাংকের ক্লিয়ারিং হিসাব ৮১ ডেবিট করে চার্জ আদায় করে। এই চার্জ সিআইবি ইনকোয়ারী প্রস্তাব প্রেরণকালে শাখা কর্তৃক প্রদেয় হিসাব খাত ৪১/৪৩এ রক্ষিত টাকার সাথে পরবর্তীতে স্থানীয় মুখ্য কার্যালয় ও অঞ্চলাধীন প্রধান শাখার মাধ্যমে ডেবিট এডভাইস প্রাপ্তির পর সমন্বয় করা হয়।

০২। সিআইবি সার্ভিস চার্জের কর্মঘন্টা, খরচ এবং সময়সাপেক্ষ প্রক্রিয়াটি সহজীকরণের লক্ষ্যে ম্যানুয়াল পদ্ধতিতে ডেবিট এডভাইস ইস্যু না করে সিআইবি ইনকোয়ারী পোর্টালের মাধ্যমে মাসিক সার্ভিস চার্জ রিপোর্ট শাখাওয়ারী প্রেরণ করার জন্য ওয়েব পোর্টালটিতে প্রয়োজনীয় আধুনিকায়ন সম্পন্ন হয়েছে। এখন থেকে স্থানীয় মুখ্য কার্যালয়ের মাধ্যমে সরাসরি অনলাইনে শাখার ৪১/৪৩ হিসাব খাত ডেবিট করে বাংলাদেশ ব্যাংকের ৮১ খাতের সাথে সমন্বয় করা হবে। শাখা ৪১/৪৩ হিসাব খাত ডেবিট সংক্রান্ত অটো ভাউচার প্রাপ্তির পর ওয়েব পোর্টাল হতে রিপোর্ট প্রিন্ট করবে এবং সমন্বয় ভাউচার প্রস্তুত করবে। এ সংক্রান্ত বিস্তারিত নির্দেশিকা ওয়েব পোর্টালের 'ডাউনলোড ম্যানুয়েল' অংশে সংযোজন করা হয়েছে। বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুমোদনক্রমে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

12/04/2023

(মোহাম্মদ আহাদ খান)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা;
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা;
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, সকল বিভাগীয় কার্যালয়;
০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা;
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা (আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ);
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়;
০৭। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক- বিষয়টি তদারকীর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো;
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়;
০৯। নথি/মহানথি।

(নূর মোহাম্মদ মোল্লা)
সহকারী মহাব্যবস্থাপক